গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**"জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২০" উদযাপনের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গঠিত "প্রচার সংক্রান্ত উপ কমিটির" সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ মোহসীন
মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
স্থান : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
তারিখ : ২৭-০১-২০২০ খ্রি.
সময় : বেলা ১২:০০ টা
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান "জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২০" এর প্রতিপাদ্য বিষয় হলো " **দুর্যোগ ঝুঁকিহ্রাসে পূর্ব প্রস্তুতি টেকসই উন্নয়নে আনবে গতি** " অতঃপর সভাপতি সভাকে অবহিত করেন যে, কমিটির সদস্যদের স্ব-স্ব দায়িত্বাবলী নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। প্রচার সংক্রান্ত উপকমিটির করণীয় বিষয় নিয়ে সভায় বিশদভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস আগামী ১০ মার্চ ২০২০ খ্রি. মঙ্গলবার অনুষ্ঠিত হবে। দিবসের প্রতিপাদ্য ও অনুষ্ঠানসূচী বিটিভিসহ বিভিন্ন বেসরকারি চ্যানেলের স্ক্রলে প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়কে পত্র দেয়ার বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস আগামী ১০ মার্চ ২০২০ খ্রি. মঙ্গলবার অনুষ্ঠিত হবে। দিবসের প্রতিপাদ্য ও অনুষ্ঠানসূচী বিটিভিসহ বিভিন্ন বেসরকারি চ্যানেলের স্ক্রলে প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়কে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশাসন-১) |
| ০২. | ৯ ও ১০ মার্চ ২০২০ খ্রি. তারিখ বিটিআরসি এর মাধ্যেম ১৬০ শব্দের একটি ম্যাসেজ বাংলায় প্রচারের জন্য বিটিআরসি'র চেয়ারম্যান-কে পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়। | ৯ ও ১০ মার্চ ২০২০ খ্রি. তারিখ বিটিআরসি এর মাধ্যেম ১৬০ শব্দের একটি ম্যাসেজ বাংলায় প্রচারের জন্য বিটিআরসি'র চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশাসন-১) |
| ০৩. | ওয়েবসাইট, ফেসবুকে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবসের কর্মসূচি ও প্রতিপাদ্য বিষয়ে প্রচারের জন্য আলোচনা। | এ অধিদপ্তরের ওয়েবসাইট, ফেসবুকে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবসের কর্মসূচিসহ প্রতিপাদ্য বিষয়ে প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রোগ্রামার |
| ০৪. | জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবসের কর্মসূচি স্থানীয় পত্রিকায় এবং মিডিয়ায় প্রচারের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র দ্বারা অবহিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবসের কর্মসূচি স্থানীয় পত্রিকায় এবং মিডিয়ায় প্রচারের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র দিতে হবে। | উপপরিচালক (প্রশাসন-১) |
| ০৫. | আগামী ৮/৯ মার্চ ২০২০ খ্রি. তারিখ দুর্যোগ ব্যবস্থাপন ও ত্রাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সাংবাদিক সম্মেলন আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | আগামী ৮/৯ মার্চ ২০২০ খ্রি. তারিখ দুর্যোগ ব্যবস্থাপন ও ত্রাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সাংবাদিক সম্মেলনের আয়োজনে ব্যবস্থা করবেন। | সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| ০৬. | ভিডিও ক্লিপ প্রস্তুত উপকমিটি কর্তৃক প্রস্তুতকৃত | ভিডিও ক্লিপ প্রস্তুত উপকমিটি ভিডিও ক্লিপ প্রস্তুত | প্রোগ্রামার |

E:\DD(Admin-1)\NDPD_2020\Rasulotion_27.01.2020.doc

লুৎফুন নাহার
উপ-সচিব
উপ-পরিচালক (প্রশাসন-১)

Scanned by CamScanner

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>ভিডিও ক্লিপ সংগ্রহ ও প্রচার বিষয়ে আলোচনা।</td><td>করবে, জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর প্রস্তুতকৃত ভিডিও ক্লিপ সংগ্রহ করে তা প্রচারের জন্য সকল জেলা ও উপজেলায় প্রেরণ করবেন। একই সাথে কিয়স্ক এর মাধ্যমে দিবসের কর্মসূচি প্রচার করবেন।</td><td>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর</td></tr>
<tr><td>০৭.</td><td>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১০ বছরের সাফল্য এবং ভবিষ্যত পরিকল্পনা প্রণয়ন ও প্রচার বিষয়ে আলোচনা।</td><td>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১০ বছরের সাফল্য এবং ভবিষ্যত পরিকল্পনা প্রণয়নের দায়িত্ব পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)-কে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)</td></tr>
<tr><td>০৮.</td><td>জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে মাঠ পর্যায়ে যথাযথ মর্যাদায় দিবসটি পালনের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ বিষয়ে আলোচনা।</td><td>জাতীয় কর্মসূচির সাথে মিল রেখে মাঠ পর্যায়ে যথাযথ মর্যাদায় দিবসটি পালনের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন-১)</td></tr>
<tr><td>০৯.</td><td>গণযোগাযোগ অধিদপ্তরের একজন কর্মকর্তা এবং উপপরিচালক (প্রশাসন-১) জনাব লুৎফুন নাহার-কে প্রচার উপকমিটিতে কো-অপট করার বিষয়ে আলোচনা।</td><td>গণযোগাযোগ অধিদপ্তরের একজন কর্মকর্তা এবং উপপরিচালক (প্রশাসন-১) জনাব লুৎফুন নাহার-কে প্রচার উপকমিটিতে কো-অপট করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপপরিচালক (প্রশাসন-১)</td></tr>
<tr><td>১০.</td><td>জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস প্রচারের জন্য প্রচার উপ কমিটি কর্তৃক একটি বাজেট প্রণয়ন ও মন্ত্রণালয়ে প্রেরণ বিষয়ে আলোচনা।</td><td>জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস প্রচারের জন্য প্রচার উপ কমিটি কর্তৃক একটি বাজেট প্রণয়ন করতঃ দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সম্ভাব্য বাজেট বিভাজন নিম্নরূপঃ
<table>
<tr><td>জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে মাননীয় প্রতিমন্ত্রী এবং সিনিয়র সচিব মহোদয়ের উপস্থিতিতে সাংবাদিক সম্মেলন অনুষ্ঠানে আগত সাংবাদিক এবং অন্যান্যদের দুপুরের খাবার ও অনুষ্ঠানস্থল সজ্জিতকরণ বাবদ</td><td>১,৩৫,০০০/-<br>(এক লক্ষ পয়ত্রিশ হাজার)</td></tr>
<tr><td>স্টিল ফটোগ্রাফি এবং অনুষ্ঠানের ভিডিও প্রফেশনাল লোকের মাধ্যমে প্রস্তুতকরণ বাবাদ (৪ কপি সিডিসহ)</td><td>৫০,০০০/-<br>(পঞ্চাশ হাজার)</td></tr>
<tr><td>বিবিধ</td><td>১৫,০০০/-<br>(পনের হাজার)</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>২,০০,০০০/-<br>(দুই লক্ষ টাকা)</td></tr>
</table></td><td>উপপরিচালক (প্রশাসন-১)</td></tr>
<tr><td>১১.</td><td>জেলা ও উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গত ১০ বছরের অর্জিত সফল কার্যক্রম, বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প, ভবিষ্যৎ পরিকল্পনা এবং ভালো অনুশীলন ও ইনোভেশনগুলো একীভূত করে প্রচার-প্রচারণা ও সাংবাদিক সম্মেলন আয়োজন করবে। এতদ্‌বিষয়ে কার্যক্রম প্রতিবেদন আকারে উপপরিচালক (প্রশমন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবরে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।</td><td>জেলা ও উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গত ১০ বছরের অর্জিত সফল কার্যক্রম, বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প, ভবিষ্যৎ পরিকল্পনা এবং ভালো অনুশীলন ও ইনোভেশনগুলো একীভূত করে প্রচার-প্রচারণা ও সাংবাদিক সম্মেলন আয়োজন করবে। এতদ্‌বিষয়ে কার্যক্রম প্রতিবেদন আকারে উপপরিচালক (প্রশমন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপপরিচালক (প্রশমন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর<br>জেলা প্রশাসক (সকল)<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)</td></tr>
</table>



Scanned by CamScanner

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মোহসীন)
মহাপরিচালক
ও
আহবায়ক, প্রচার সংক্রান্ত কমিটি
ফোন-৯৮৪১৫৮১

স্মারক নং-৫১.০১.০০০০.০০৩.২৩.০১০.২০. ৮৮, তারিখ-২৯/০১/২০২০খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার/পদমর্যাদার ক্রমানুসারে নয়) :

১। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়।
৩। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৬। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, বড় মগবাজার, ঢাকা।
৮। জনাব মোঃ সেলিম হোসেন, সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। জনাব শামীম আহাম্মদ, মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। জনাব এ এম নাসির উদ্দিন, ম্যানেজার, NARRI, H# CES(E) 19, Rd# 128, Gulshan-1, Dhaka
১২। জনাব ফাতেমা মেহেরুন্নেছা তানি, Save the Children Bangladesh, House No CWN (A) 35, Road 43, Dhaka 1212
১৩। জনাব ................................................., ...................................................................সদস্য, প্রচার উপকমিটি।
১৪। পিএ টু ডিজি, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

২৯/০১/২০২০

(মোঃ হারুন-অর-রশিদ মোল্লা)
(অতিরিক্ত সচিব)
পরিচালক (প্রশাসন)
ও
সদস্য-সচিব, প্রচার সংক্রান্ত কমিটি

Scanned by CamScanner